

💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

(১১) যেই শরীয়ত (দ্বীন) অনুযায়ী আল্লাহর এবাদত করতে বলা হয়েছে, তা কোনটি?

সেটি হচ্ছে. দ্বীনে হানীফ তথা মিল্লাতে ইবরাহীম। আল্লাহ তা'আলা বলেনঃ

إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الأِسْلاَمُ

"আল্লাহর নিকট ইসলাম হচ্ছে একমাত্র মনোনীত দ্বীন"। (সূরা আল-ইমরানঃ ১৯) আল্লাহ তা'আলা আরো বলেনঃ أَفَفَيْرَ دِينِ اللَّهِ يَبْغُونَ وَلَهُ أَسْلَمَ مَنْ فِي السَّمَوَاتِ وَالأَرْضِ طَوْعًا وَكَرْهًا

"তারা কি আল্লাহর দ্বীনের পরিবর্তে অন্য কোন দ্বীন তালাশ করছে? অথচ আসমান-যমীনে যা কিছু রয়েছে স্বেচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক, তারই অনুগত"। (সূরা আল-ইমরানঃ ৮৩) আল্লাহ তা'আলা আরো বলেনঃ

''দ্বীনে ইবরাহীম থেকে কেবল সেই ব্যক্তিই মুখ ফিরিয়ে নেয়, যে নিজেকে বোকা প্রতিপন্ন করে''। (সূরা বাকারাঃ ১৩০) আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

"যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন তালাশ করে, তা কখনও তার নিকট থেকে গ্রহণ করা হবেনা। আর আখেরাতে সে হবে ক্ষতিগ্রস্ত"। (সুরা আল-ইমরানঃ ৮৫) আল্লাহ্ তা'আলা আরো বলেনঃ

"তাদের কি এমন শরীক আছে, যারা তাদের জন্য এমন দ্বীন নির্ধারণ করেছে, যার অনুমতি আল্লাহ্ দেন নি?" (সূরা শুরাঃ ২১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2028

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন